# সংসদের প্রথম অধিবেশন ২৯ মার্চ পর্যন্ত স্থগিত



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আগামী ২৯ মার্চ বিকেল ৩টা পর্যন্ত মুলতবি করা হয়েছে। রোববার (১৫ মার্চ) সকাল ১১টায় স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম–এর সভাপতিত্বে বৈঠক আবার শুরু হয়।

দিনের কার্যসূচি পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হয়। অধিবেশনে সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান এবং বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান উপস্থিত ছিলেন। এর আগে ১২ মার্চ অধিবেশনের সূচনা হলেও পরবর্তীতে তা স্থগিত রাখা হয়। শনিবার অনুষ্ঠিত জাতীয় সংসদের কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়, প্রথম অধিবেশন চলবে আগামী ৩০ এপ্রিল পর্যন্ত।

সংসদ সচিবালয় জানায়, রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন–এর ভাষণের ওপর মোট ৫০ ঘণ্টা আলোচনা নির্ধারিত আছে। এ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য ৮টি এবং অন্যান্য মন্ত্রীদের জন্য ৪৬০টিসহ মোট ৪৬৮টি প্রশ্ন জমা পড়েছে।

LENS ASIA